**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 03-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM-Inauguration :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০১৮ সাল থেকে চলতি বছরের এপ্রিল মাস পর্যন্ত রাজ্যে মোট ৬ হাজার ৮৮৭ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে। গতকাল আগরতলার রামনগর উচ্চতর মাধ্যমিক ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদ্ঘাটন অনুষ্ঠানে তিনি একথা বলেন| এই অনুষ্ঠান থেকেই মুখ্যমন্ত্রী ভার্চুয়ালভাবে বড়কাঁঠাল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, দারোগামুড়া উচ্চ বিদ্যালয়, ক্ষুদিরাম বসু ইংরেজি মাধ্যম বিদ্যালয় ও সুকান্ত একাডেমি ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদ্ঘাটন করেন| অনুষ্ঠানে তিনি আরো বলেন, ২০২৪-২৫ অর্থবছরে মোট ৪৪টি বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করা হয়েছে এবং এই নির্মাণের জন্য ব্যয় হয়েছে মোট ১৫৩ কোটি টাকা। চলতি অর্থবছরে আরো ৩0টি বিদ্যালয় নতুন ভবন নির্মাণের পরিকল্পনা রাজ্য সরকারের রয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার প্রমুখ।

*********************

## Tru development lies in infrastructure growth-PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, প্রকৃত উন্নয়ন তখনই অর্জিত হয় যখন পরিকাঠামো তৈরি হয়, বাণিজ্য সম্প্রসারিত হয় এবং সাধারণ মানুষের মৌলিক চাহিদা পূরণ হয়। ভারতের উপকূলীয় রাজ্য এবং বন্দর শহরগুলি বিকশিত ভারতের উন্নয়নের মূল কেন্দ্র হয়ে উঠবে বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন । ভারতের সমুদ্র যাত্রায় একটি মাইলফলক চিহ্নিত করে, প্রধানমন্ত্রী গতকাল কেরালার ভিজিঞ্জাম আন্তর্জাতিক সমুদ্রবন্দর জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেন। এই সমুদ্র বন্দর নির্মাণে ব্যায় হয়েছে ৮,৮০০ কোটি টাকা|

*********************

**Agriculture Minister :**

বিজেপি'র সংখ্যালঘু মোর্চার উদ্যোগে গতকাল মোহনপুরে ওয়াকফ সংশোধনী জনজাগরণ অভিযান অনুষ্ঠিত হয়| অংশ গ্রহণ করেন কৃষিমন্ত্রী রতন নাথ। তিনি ওয়াকফ সংশোধনী আইনের স্বপক্ষে বিস্তারিত বক্তব্য রাখেন|

******************

**Entertainment sector handbook :**

তথ্য ও সম্প্রচার মন্ত্রক আজ মুম্বাইয়ে WAVES 2025-এ মিডিয়া এবং বিনোদন ক্ষেত্রে পরিসংখ্যানগত হ্যান্ডবুক 2024-25 প্রকাশ করবে। এই হ্যান্ডবুকটি মিডিয়া এবং বিনোদন ক্ষেত্রে সময়োপযোগী, নির্ভরযোগ্য, খাঁটি এবং ব্যাপক তথ্যের প্রয়োজনীয়তার প্রতি সরকারের দৃঢ় পদক্ষেপ। মন্ত্রক জানিয়েছে, মিডিয়া এবং বিনোদন,পরিষেবা ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান, যার দেশের অর্থনীতির প্রবৃদ্ধিতে অবদান রাখার বিশাল সম্ভাবনা রয়েছে। এই

ক্ষেত্রটি 2027 সালে সাত শতাংশ চক্রবৃদ্ধি বার্ষিক বৃদ্ধির  হারে বৃদ্ধি পেয়ে তিন হাজার বিলিয়ন টাকায় পৌঁছাবে বলে আশা করা হচ্ছে।

*********************

**WAVES declaration adopted :**

গ্লোবাল মিডিয়া ডায়ালগের সময় গতকাল WAVES ঘোষণাপত্র গৃহীত হয় এবং সদস্য দেশগুলি ঐতিহ্যকে তুলে ধরার জন্য সহযোগিতা করতে সম্মত হয়। মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে গ্লোবাল মিডিয়া ডায়ালগে ৭৭টি দেশের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর এবং তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব অনুষ্ঠানের সভাপতিত্ব করেন। অংশগ্রহণকারী দেশগুলি ভুল তথ্য এবং বিভ্রান্তির বিস্তার রোধ করতে এবং মিডিয়ার সততা, তথ্য-ভিত্তিক সাংবাদিকতা এবং দায়িত্বশীল বিজ্ঞাপন প্রচার করতে সম্মত হয়।

*********************

**Radio reimagined :**

মুম্বাইয়ে অনুষ্ঠিত WAVES 2025-এ গতকাল বিশ্বব্যাপী বিশেষজ্ঞদের নিয়ে রেডিও রিইমাজিনড: থ্রিভিং ইন দ্য ডিজিটাল এজ" শীর্ষক এক অন্তর্দৃষ্টিপূর্ণ প্যানেল আলোচনায় অনুষ্ঠিত হয়। আলোচনায় অংশগ্রহণ করে, প্রসার ভারতীর প্রাক্তন CEO শশী শেখর ভেম্পাটি বলেন, ভারত রেডিওর সবচেয়ে বড় বাজার এবং এই মাধ্যমটিকে মূল জনকল্যাণমূলক মাধ্যম বলে উল্লেখ করেছেন।

**********************

## Centre aims to drought free India in 4 years :

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি.আর. পাটিল বলেছেন যে কেন্দ্রীয় সরকার আগামী চার বছরে দেশের কোনও গ্রাম বা কৃষিজমি যাতে জলের অভাবে না থাকে এবং খরামুক্ত ভারত নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। অহিল্যনগর জেলার রাহাতা তালুকার আস্তাগাঁওয়ে অনুষ্ঠিত মহারাষ্ট্রে সেচ উন্নয়ন কর্মসূচির অনুষ্ঠানে মন্ত্রী এ কথা বলেন। তিনি উল্লেখ করেন যে, সারা দেশে ইতিমধ্যেই ১৩ লক্ষেরও বেশি রিচার্জ কাঠামো বাস্তবায়িত হয়েছে, যার ফলে উল্লেখযোগ্য পরিমাণে জল সাশ্রয় হয়েছে।

*********************

## BJP Press Meet :

কেন্দ্রীয় সরকার আসন্ন আদমসুমারিতে জাতিভিত্তিক গণনা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করায় প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে অভিনন্দন জানিয়েছেন| গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে শ্রী ভট্টাচার্য বলেন, এই সিদ্ধান্তের ফলে সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত সমস্ত সরকারী সুযোগ সুবিধা সঠিকভাবে পৌঁছবে।

********************

**CPIM Press Meet :**

রাজ্য বামফ্রন্ট কমিটি আহ্বায়ক মানিক দে সম্প্রতিককালে রাজ্যের বিভিন্নস্থানে সিপিআইএম পার্টি অফিসে ভাংচুর ও নেতৃত্বের উপর হামলার অভিযোগ এনে ঘটনার জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য রাজ্য পুলিশের মহানির্দেশকের কাছে দাবি জানিয়েছেন| আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে শ্রী দে বলেন, প্রত্যেকটি ঘটনা সম্পর্কে পুলিশের ডিজিকে গতকাল বিস্তারিত অবহিত করা হয়েছে| সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন রাধাচরন দেববর্মা, মিলন বৈদ্য, পরেশ সরকার ও দীপক দেব প্রমুখ বামফ্রন্ট নেতৃবৃন্দ|

*******************

**DM Visit :**

আগরতলা পুর নিগমের কমিশনার তথা পশ্চিম জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার গতকাল আগরতলা পুর নিগমের ৩২নং ওয়ার্ডের অন্তর্গত মাস্টার পাড়া এলাকা সহ পাঁচটি ওয়ার্ড পরিদর্শনে যান। পরিদর্শনকালে তিনি ঐ সমস্ত এলাকার জল নিষ্কাশনি ব্যবস্থা সহ অন্যান্য সমস্যা সম্পর্কে অবহিত হন।

********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এছাড়া, বিক্ষিপ্তভাবে রাজ্যের কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কবার্তা দেওয়া হয়েছে। আগরতলায় আজ

ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

**********************

**********************